# Zerotil Plus

Cefuroxime USP+ Clavulanic acid BP

**Presentation**

**Zerotil Plus 250/62.5 tablet:** Each film coated tablet contains Cefuroxime 250 mg as Cefuroxime Axetil USP and Clavulanic Acid 62.5 mg as diluted Potassium Clavulanate BP.

**Zerotil Plus 500/125 tablet:** Each film coated tablet contains Cefuroxime 500 mg as Cefuroxime Axetil USP and Clavulanic Acid 125 mg as diluted Potassium Clavulanate BP.

**Zerotil Plus Powder for Suspension :** After reconstitution, each 5 ml suspension contains Cefuroxime Axetil USP equivalent to Cefuroxime 125 mg and Clavulanic Acid 31.25 mg as Potassium Clavulanate BP.

**Description**

Cefuroxime is one of the bactericidal second generation cephalosporin antibiotics, which is active against a wide range of Gram-positive and Gram-negative susceptible organisms including many beta-lactamase producing strains. It is indicated for the treatment of infections caused by sensitive bacteria.

Clavulanic acid has a similar structure to the beta-lactam antibiotics but binds irreversibly to the beta-lactamase enzymes.

The presence of Clavulanic acid in Zerotil Plus formulations protects Cefuroxime from degradation by beta-lactamase enzymes and effectively extends the antibacterial spectrum of Cefuroxime to include many bacteria normally resistant to Cefuroxime and other cephalosporins.

**Indications**

Pharyngitis/tonsillitis caused by *Streptococcus pyogenes.*

Acute bacterial otitis media caused by *Streptococcus pneumoniae*, *Haemophilus influenzae* (including beta lactamase-producing strains), *Moraxella catarrhalis* (including beta-lactamase-producing strains) or *Streptococcus pyogenes.*

Acute bacterial maxillary sinusitis caused by *Streptococcus pneumoniae* or *Haemophilus influenzae* (non beta lactamase-producing strains only).

Lower respiratory tract infections including pneumoniae, caused by *Streptococcus pneumoniae*, *Haemophilus influenzae* (including beta lactamase-producing strains), *Klebsiella spp.*, *Staphylococcus aureus* (penicillinase and non-penicillinase producing strains), S*treptococcus pyogenes*, *Escherichia coli.*

Acute bacterial exacerbations of chronic bronchitis and secondary bacterial infections of acute bronchitis caused by *Streptococcus pneumoniae*, *Haemophilus influenzae* (beta-lactamase negative strains) or *Haemophilus parainfluenzae* (beta-lactamase negative strains).

Skin and Skin-Structure infections caused by *Staphylococcus aureus* (penicillinase and non-penicillinase producing strains), *Streptococcus pyogenes*, *Escherichia coli*, *Klebsiella spp.* and *Enterobacter spp.*

Urinary tract infections caused by *Escherichia coli* or *Klebsiella pneumoniae.*

Bone and Joint infections caused by *Staphylococcus aureus* (penicillinase and non-penicillinase producing strains).

Gonorrhea: Uncomplicated and disseminated gonococcal infections due to *Neisseria gonorrhoeae* (penicillinase and non-penicillinase producing strains) in both males and females.

Early Lyme disease (erythema migrans) caused by *Borrelia burgdorferi.*

Septicemia caused by *Staphylococcus aureus* (penicillinase and non-penicillinase producing strains), *Streptococcus pneumoniae*, *Escherichia coli*, *Haemophilus influenzae* (including ampicillin-resistant strains), and *Klebsiella spp.*

Meningitis caused by *Streptococcus pneumoniae*, *Haemophilus influenzae* (including ampicillin-resistant strains), *Neisseria meningitis* and *Staphylococcus aureus* (penicillinase and non-penicillinase producing strains).

| Infections | Dosage | Duration |
|---|---|---|
| Pharyngitis or Tonsillitis | 250 mg twice daily | 5 -10 days |
| Acute bacterial maxillary sinusitis | 250 mg twice daily | 10 days |
| Acute bacterial exacerbation of chronic bronchitis | 250-500 mg twice daily | 10 days |
| Secondary bacteria infections of acute bronchitis | 250-500 mg twice daily | 5 -10 days |
| Community-acquired pneumoniae | 250-500 mg twice daily | 5 -10 days |
| Uncomplicated skin & skin-structure infections | 250-500 mg twice daily | 5 -10 days |
| MDR Typhoid fever | 500 mg twice daily | 10-14 days |
| Uncomplicated urinary tract infection | 250 mg twice daily | 7-10 days |
| Uncomplicated gonorrhea | 1000 mg single dose | - |
| Lyme disease | 500 mg twice daily | 20 days |

Switch therapy (injectable to oral) after surgery when patient's condition is improved

**Dosage and Administration**

**Adolescents & adults**

Paediatric patients (3 months to 12 years):

| Infections | Dosage | Duration |
|---|---|---|
| Pharyngitis or Tonsillitis | 20 mg/kg/day in two divided doses | 5 -10 days |
| Acute otitis media | 30 mg/kg/day in two divided doses | 10 days |
| Acute bacterial maxillary sinusitis | 30 mg/kg/day in two divided doses | 10 days |
| Community-acquired pneumonia | 30 mg/kg/day in two divided doses | 5-10 days |
| MDR typhoid fever | 30 mg/kg/day in two divided doses | 10-14 days |
| Uncomplicated skin & skin structure infections | 30 mg/kg/day in two divided doses | 10 days |
| Uncomplicated urinary tract infection | 20 mg/kg/day in two divided doses | 7-10 days |

Zerotil Plus may be administered without regard to meals.

**Contraindications**

Patients with known allergy to cephalosporins & pseudomembranous colitis are contraindicated.

**Precautions**

Zerotil Plus should be given with care to patients receiving concurrent treatment with potent diuretics & who have history of colitis.

**Side-effects**

Generally Cefuroxime and Clavulanic acid are well tolerated. However, a few side effects like nausea, vomiting, diarrhea, abdominal discomfort or pain may occur. As with other broad-spectrum antibiotics, prolonged administration of Cefuroxime and Clavulanic acid combination may result in overgrowth of nonsusceptible microorganisms. Rarely (<0.2%) renal dysfunction, anaphylaxis, angioedema, pruritis, rash and serum sickness like urticaria may appear.

**Use in pregnancy & lactation:**

**During pregnancy:**

All antibiotics should be avoided in the first trimester if possible. However, Zerotil Plus can be safely used in later pregnancy to treat urinary and other infections.

During lactation: Zerotil Plus is excreted into the breast milk in small quantities. However, the possibility of sensitizing the infant should be kept in mind.

**Drug interactions**

Concomitant administration of probenecid with Zerotil Plus increases the area under the serum concentration versus time curve by 50%. Drug that reduces gastric acidity may result in a lower bioavailability of Cefuroxime and tend to cancel the effect of postprandial absorption.

**Overdosage**

Signs and symptoms: Overdosage of Zerotil Plus can cause cerebral irritation leading to convulsions.

Management: Serum levels of Zerotil Plus can be reduced by haemodialysis and peritoneal dialysis.

**Storage:**

Store in a dry place at below 25° C, protect from light. Keep out of reach of children.

**Pack:**

**Zerotil Plus 250/62.5 tablet:** Each box contains 2 x 7's tablets.

**Zerotil Plus 500/125 tablet:** Each box contains 2 x 7's tablets.

**Zerotil Plus Powder for Suspension :** Each bottle contains dry powder to reconstitute 70 ml suspension.

Each blister supplied in light protected temper evident zipper pouch to facilitate better storage after every use.

Manufactured by
BEACON®
CEPHALOSPORIN LIMITED
Bhaluka, Mymensingh, Bangladesh
2000000028

# জিরোটিল প্লাস

সেফুরক্সিম ইউএসপি + ক্লাভুলেনিক এসিড বিপি

## উপস্থাপনা

**জিরোটিল প্লাস ২৫০/৬২.৫ ট্যাবলেট:** প্রতিটি পাতলা আবরণযুক্ত ট্যাবলেটে রয়েছে সেফুরক্সিম এক্সেটিল ইউএসপি হিসেবে সেফুরক্সিম ২৫০ মিগ্রা এবং ডাইলিউটেড পটাসিয়াম ক্লাভুলেনেট বিপি হিসেবে ক্লাভুলেনিক এসিড ৬২.৫ মিগ্রা।

**জিরোটিল প্লাস ৫০০/১২৫ ট্যাবলেট:** প্রতিটি পাতলা আবরণযুক্ত ট্যাবলেটে রয়েছে সেফুরক্সিম এক্সেটিল ইউএসপি হিসেবে সেফুরক্সিম ৫০০ মিগ্রা এবং ডাইলিউটেড পটাসিয়াম ক্লাভুলেনেট বিপি হিসেবে ক্লাভুলেনিক এসিড ১২৫ মিগ্রা।

**জিরোটিল প্লাস সাসপেনশন তৈরীর পাউডার ঃ** প্রস্তুতের পর প্রতি ৫ মিলি সাসপেনশন এ রয়েছে সেফুরক্সিম এক্সেটিল ইউএসপি হিসাবে সেফুরক্সিম ১২৫ মিগ্রা এবং পটাসিয়াম ক্লাভুলেনেট বিপি হিসেবে ক্লাভুলেনিক এসিড ৩১.২৫ মিগ্রা।।

## বিবরণ

সেফুরক্সিম একটি দ্বিতীয় প্রজন্মের সেফালোস্পোরিন এ্যান্টিবায়োটিক যা ব্যাকটেরিসাইডাল এবং অধিকাংশ বিটা-ল্যাকটামেজ নিঃসরণকারী শ্রেণীসহ বিস্তৃত গ্রাম-পজিটিভ ও গ্রাম-নেগেটিভ ব্যাকটেরিয়ার বিরুদ্ধে কার্যকর। সংবেদনশীল জীবাণু দ্বারা সংক্রমিত রোগের চিকিৎসায় ইহা ব্যবহৃত হয়।

ক্লাভুলেনিক এসিডের রয়েছে বিটা-ল্যাকটাম এ্যান্টিবায়োটিকের ন্যায় সাদৃশ্যপূর্ণ গঠন যা বিটা-ল্যাকটামেজ এনজাইমের সাথে অপরিবর্তনীয় বন্ধন তৈরী করে।

জিরোটিল প্লাস ফর্মূলেশনে ক্লাভুলেনিক এসিডের উপস্থিতি সেফুরক্সিমকে বিটা-ল্যাকটামেজ এনজাইম কর্তৃক বিভাজন থেকে রক্ষা করে এবং সেফুরক্সিমের ব্যাকটেরিয়ারোধী বর্ণালীকে বিস্তৃত করে সে সকল ব্যাটেরিয়ার প্রতি যারা সাধারনত সেফুরক্সিম এবং অন্যান্য সেফালোস্পোরিনের প্রতি প্রতিরোধী ক্ষমতা সম্পন্ন।

## নির্দেশনা

*ফ্যারিনজাইটিস/টনসিলাইটিস:* স্ট্রেপটোকক্কাস পায়োজেনস দ্বারা সৃষ্ট সংক্রমনে।

*একিউট ব্যাকটেরিয়াল ওটাইটিস মিডিয়া:* স্ট্রেপটোকক্কাস নিউমোনি, হিমোফাইলাস ইনফ্লুয়েঞ্জি (বিটা-ল্যাকটামেজ উৎপাদনকারী প্রজাতিসহ), মোরাক্সেলা ক্যাটারহালিস (বিটা-ল্যাকটামেজ উৎপাদনকারী প্রজাতিসহ) বা স্ট্রেপটোকক্কাস পায়োজেনস দ্বারা সৃষ্ট সংক্রমণে।

*একিউট ব্যাকটেরিয়াল ম্যাক্সিলারী সাইনুসাইটিস:* স্ট্রেপটোকক্কাস নিউমোনি, হিমোফাইলাস ইনফ্লুয়েঞ্জা (নন বিটা-ল্যাকটামেজ উৎপাদনকারী প্রজাতি) দ্বারা সৃষ্ট সংক্রমণে।

*শ্বসনতন্ত্রের নিম্নাংশের সংক্রমণ:* নিউমোনিয়াসহ ষ্ট্রেপটোকক্কাস নিউমোনি, হিমোফাইলাস ইনফ্লুয়েঞ্জা (বিটা-ল্যাকটামেজ উৎপাদনকারী প্রজাতিসহ), ক্লেবসিয়েলা প্রজাতি, স্ট্যাফাইলোকক্কাস অরিয়াস (পেনিসিলিনেজ এবং নন-পেনিসিলিনেজ উৎপাদনকারী প্রজাতিসহ), স্ট্রেপটোকক্কাস পায়োজেনস, ইশচেরিচিয়া কোলাই দ্বারা সৃষ্ট সংক্রমণে।

*একিউট ব্যাকটেরিয়াল এক্সাজারবেশন অফ ক্রনিক ব্রংকাইটিস এবং সেকেন্ডারী ব্যাকটেরিয়াল ইনফেকশন অফ একিউট ব্রংকাইটিস:* স্ট্রেপটোকক্কাস নিউমোনি, হিমোফাইলাস ইনফ্লুয়েঞ্জা (বিটা-ল্যাকটামেজ নেগেটিভ প্রজাতি) বা হিমোফাইলাস প্যারাইনফ্লুয়েঞ্জি (বিটাল্যাকটামেজ নেগেটিভ প্রজাতি) দ্বারা সৃষ্ট সংক্রমনে।

*চর্ম ও চর্ম সংক্রান্ত সংক্রমণ:* স্ট্যাফাইলোকক্কাস অরিয়াস (পেনিসিলিনেজ এবং নন-পেনিসিলিনেজ উৎপাদনকারী প্রজাতিসহ), স্ট্রেপটোকক্কাস পায়োজেনস, ইশচেরিচিয়া কোলাই, ক্লেবসিয়েলা প্রজাতি, এন্টারোব্যাকটার প্রজাতি দ্বারা সৃষ্ট সংক্রমণে।

*মূত্রতন্ত্রের সংক্রমণ:* ইশচেরিচিয়া কোলাই বা ক্লেবসিয়েলা নিউমোনি দ্বারা সৃষ্ট সংক্রমণে।

*অস্থি এবং অস্থিসন্ধির সংক্রমণ:* স্ট্যাফাইলোকক্কাস অরিয়াস (পেনিসিলিনেজ এবং নন-পেনিসিলিনেজ উৎপাদানকারী প্রজাতিসহ) দ্বারা সৃষ্ট সংক্রমণে।

*গনোরিয়া:* নেইসেরিয়া গনোরি (পেনিসিলিনেজ এবং নন-পেনিসিলিনেজ উৎপাদনকারী প্রজাতিসহ) দ্বারা সৃষ্ট পুরুষ এবং মহিলার সাধারণ ও শরীরের বিভিন্ন অংশে ছড়িয়ে পড়া গনোরিয়া সংক্রমণে।

*আর্লি লাইম ডিজিজ (ইরাইদেমা মাইগ্রানস্):* বরেলিয়া বার্গডরফেরী দ্বারা সৃষ্ট সংক্রমণে।

*সেপ্টিসেমিয়া:* স্ট্যাফাইলোকক্কাস অরিয়াস (পেনিসিলিনেজ এবং নন-পেনিসিলিনেজ উৎপাদানকারী প্রজাতিসহ), স্ট্রেপটোকক্কাস নিউমোনি, ইশচেরিচিয়া কোলাই, হিমোফাইলাস ইনফ্লুয়েঞ্জি (এ্যামপিসিলিন রেজিস্ট্যান্ট প্রজাতিসহ) এবং ক্লেবসিয়েলা প্রজাতি দ্বারা সৃষ্ট সংক্রমণে।

*মেনিনজাইটিস:* স্ট্রেপটোকক্কাস নিউমোনি, হিমোফাইলাস ইনফ্লুয়েঞ্জা (এ্যামপিসিলিন রেজিস্ট্যান্ট প্রজাতিসহ), নেইসেরিয়া মেনিনজাইটিস, স্ট্যাফাইলোকক্কাস অরিয়াস (পেনিসিলিনেজ এবং নন-পেনিসিলিনেজ উৎপাদনকারী প্রজাতিসহ) দ্বারা সৃষ্ট সংক্রমনে।

*সুইচ থেরাপী:* (ইনজেক্টেবল থেকে ওরাল) হিসেবে অপারেশনের পর রোগীর শারিরীক অবস্থার উন্নতি হলে।

## মাত্রা ও বিধি

পূর্ণবয়স্কদের ক্ষেত্রে

| সংক্রমণ | সেবনমাত্রা | সময়কাল |
|---|---|---|
| কণ্ঠনালী বা টন্সিলে প্রদাহ | ২৫০ মিগ্রা দিনে ২ বার | ৫-১০ দিন |
| একিউট ব্যাক্টেরিয়াল ম্যাক্সিলারী সাইনুসাইটিস | ২৫০ মিগ্রা দিনে ২ বার | ১০ দিন |
| ক্রনিক ব্রংকাইটিসের তীব্র সংক্রমণ | ২৫০-৫০০ মিগ্রা দিনে ২ বার | ১০ দিন |
| তীব্র ব্রংকাইটিসের আনুষঙ্গিক সংক্রমণ | ২৫০-৫০০ মিগ্রা দিনে ২ বার | ৫-১০ দিন |
| কমিউনিটি-একুয়ার্ড নিউমোনিয়া | ২৫০-৫০০ মিগ্রা দিনে ২ বার | ৫-১০ দিন |
| চর্ম ও চর্ম সংক্রান্ত সাধারণ সংক্রমণ | ২৫০-৫০০ মিগ্রা দিনে ২ বার | ১০ দিন |

পূর্ণবয়স্কদের ক্ষেত্রে

| সংক্রমণ | সেবনমাত্রা | সময়কাল |
|---|---|---|
| এম ডি আর টাইফয়েড ফিভার | ৫০০ মিগ্রা দিনে ২ বার | ১০-১৪ দিন |
| মূত্রতন্ত্রের সাধারণ সংক্রমণ | ২৫০ মিগ্রা দিনে ২ বার | ৭-১০ দিন |
| সাধারণ গনোরিয়া | ১০০০ মিগ্রা এর ১টি ডোজ | -------- |
| লাইম ডিজিজ | ৫০০ মিগ্রা দিনে ২ বার | ২০ দিন |

শিশু (৩ মাস থেকে ১২ বছর)

| সংক্রমণ | সেবনমাত্রা | সময়কাল |
|---|---|---|
| কণ্ঠনালী বা টন্সিলে প্রদাহ | ২০ মিগ্রা/কিগ্রা প্রতিদিন, ২ টি সমবিভক্ত মাত্রায় | ৫-১০ দিন |
| মধ্যকর্ণের তীব্র প্রদাহ | ৩০ মিগ্রা/কিগ্রা প্রতিদিন, ২ টি সমবিভক্ত মাত্রায় | ১০ দিন |
| একিউট ব্যাক্টেরিয়াল ম্যাক্সিলারী সাইনুসাইটিস | ৩০ মিগ্রা/কিগ্রা প্রতিদিন, ২ টি সমবিভক্ত মাত্রায় | ১০ দিন |
| কমিউনিটি-একুয়ার্ড নিউমোনিয়া | ৩০ মিগ্রা/কিগ্রা প্রতিদিন, ২ টি সমবিভক্ত মাত্রায় | ৫-১০ দিন |
| এম ডি আর টাইফয়েড ফিভার | ৩০ মিগ্রা/কিগ্রা প্রতিদিন, ২ টি সমবিভক্ত মাত্রায় | ১০-১৪ দিন |
| চর্ম ও চর্ম সংক্রান্ত সাধারণ সংক্রমণ | ৩০ মিগ্রা/কিগ্রা প্রতিদিন, ২ টি সমবিভক্ত মাত্রায় | ১০ দিন |
| মূত্রতন্ত্রের সাধারণ সংক্রমণ | ২০ মিগ্রা/কিগ্রা প্রতিদিন, ২ টি সমবিভক্ত মাত্রায় | ৭-১০ দিন |

জিরোটিল প্লাস গ্রহণের সাথে খাদ্য গ্রহণের পূর্বাপর সম্পর্ক নেই।

## প্রতিনির্দেশনা

সেফালোস্পোরিন এর প্রতি সংবেদনশীল রোগী ও সুডোমেমব্রেনাস কোলাইটিসে আক্রান্ত রোগীদের জন্য প্রতি নির্দেশিত।

## সতর্কতা

পোটেন্ট ডাইইউরেটিক সেবন করছেন এবং কোলাইটিসের ইতিহাস আছে এমন রোগীদের ক্ষেত্রে জিরোটিল প্লাস সতর্কতার সাথে ব্যবহার করতে হবে।

## পার্শ্ব প্রতিক্রিয়া

সাধারণত সেফুরক্সিম ও ক্লাভুলেনিক এসিড সুসহনীয়। তদুপরি কিছু পার্শ্ব প্রতিক্রিয়া যেমন: বমি বমি ভাব, বমি, ডায়রিয়া, পেটে ব্যথা বা অস্বস্তি হতে পারে। অন্যান্য বিস্তৃত এ্যান্টিবায়োটিকের মত সেফুরক্সিম ও ক্লাভুলেনিক এসিড মিশ্রন দীর্ঘদিন সেবন করা হলে অসংবেদনশীল জীবাণুগুলোর অতি বৃদ্ধি ঘটতে পারে। বিরলভাবে (<০.২%) বৃক্কের অকার্যকারিতা, এ্যানাফাইলেক্সিস, এ্যানজিওইডিমা, প্রুরাইটিস, র‍্যাশ, সেরাম সিকনেস যেমন-আর্টিকেরিয়া দেখা দিতে পারে।

## গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে

গর্ভাবস্থায়: গর্ভাবস্থায় প্রথম ৩ মাস সাধারণত সকল এ্যান্টিবায়োটিক পরিহার করা উচিত। তদুপরি মূত্রতন্ত্র ও অন্যান্য সংক্রমণের ক্ষেত্রে গর্ভাবস্থার শেষ দিকে নিরাপদভাবে জিরোটিল প্লাস ব্যবহার করা যেতে পারে।

স্তন্যদানকালে: জিরোটিল প্লাস মাতৃদুগ্ধের সাথে স্বল্প পরিমাণে নিঃসৃত হয়। তদুপরি শিশুর দেহে সংবেদনশীলতার সম্ভাবনার কথা মনে রাখা উচিত।

## ড্রাগ ইন্টার‍্যাকশন

প্রবেনেসিডের সাথে একত্রে ব্যবহার সময়ের প্রেক্ষিতে জিরোটিল প্লাস এর সেরাম ঘনত্ব ৫০% বৃদ্ধি করে। যে সমস্ত ঔষধ গ্যাষ্ট্রিক এসিডিটি হ্রাস করে সেগুলো জিরোটিল প্লাস এর বায়োএভেইল্যাবিলিটি হ্রাস করে এবং খাবারের পর শোষনের প্রভাব নির্মূল করতে পারে।

## মাত্রাধিক্য

লক্ষণসমূহ: জিরোটিল প্লাস এর মাত্রাধিক্য মস্তিস্কে প্রদাহজনিত খিচুনির উদ্রেক করতে পারে।

## ব্যবস্থা

জিরোটিল প্লাস এর সেরাম লেভেল হিমোডায়ালাইসিস ও পেরিটোনিয়াল ডায়ালাইসিসের মাধ্যমে কমানো যেতে পারে।

## সংরক্ষণ

জিরোটিল প্লাস ট্যাবলেট আলো থেকে দূরে ঠান্ডা (২৫°সেন্টিগ্রেড তাপমাত্রার নিচে) ও শুকনো স্থানে রাখা উচিত।

সকল প্রকার ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

## সরবরাহ

**জিরোটিল প্লাস ২৫০/৬২.৫ ট্যাবলেট:** প্রতিটি বাক্সে আছে ২X৭ টি ট্যাবলেট।

**জিরোটিল প্লাস ৫০০/১২৫ ট্যাবলেট:** প্রতিটি বাক্সে আছে ২X৭ টি ট্যাবলেট।

**জিরোটিল প্লাস সাসপেনশন তৈরীর পাউডার:** ৭০ মিলি সাসপেনশন প্রস্তুতের জন্য প্রয়োজনীয় পরিমাণ পাউডার কাচের বোতলে সরবরাহ করা হয়।

প্রতিটি ব্লিষ্টার আলো প্রতিরোধক তাপমাত্রা সহনশীল জিপার পাউচের ভিতর সরবরাহকৃত যা প্রতি ব্যবহারের পর ভালভাবে সংরক্ষণের জন্য।

প্রস্তুতকারক
**বীকন সেফালোসপোরিন লিমিটেড**
ভালুকা, ময়মনসিংহ, বাংলাদেশ